

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৮৯৬

আগরতলা, ১৯ ফেব্রুয়ারি, ২০২৪

২১ ফেব্রুয়ারি থেকে শুরু ৪২তম আগরতলা বইমেলা

মাতৃভাষা দিবসে আগামী ২১ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে মননের উৎসব আগরতলা বইমেলা। হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪২তম আগরতলা বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে বিকাল ৪টায় পন্ডিত দীনদয়াল উপাধ্যায় মঞ্চে। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্যসচিব বিধায়ক কল্যাণী সাহা রায়, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী ও আগরতলাস্থিত বাংলাদেশ হাই কমিশনের সহকারি হাই কমিশনার আরিফ মোহাম্মাদ। অনুষ্ঠানে বিশেষভাবে আমন্ত্রণ জানানো হয়েছে প্রতিবেশী দেশ বাংলাদেশের বিশিষ্ট লেখক ও গবেষক সুভাষ সিংহ রায়কে। সভাপতির আসন অলংকৃত করবেন বিধায়ক মীনারাণী সরকার।

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ১৪দিনব্যাপী আগরতলা বইমেলায় এবারও প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠান, কবি সম্মেলন, আলোচনাচক্র, কুইজ, আকস্মিক বক্তৃতা, নতুন বইয়ের মলাট উন্মোচনের আয়োজন করা হয়েছে। প্রতিদিন বইমেলা শুরু হবে দুপুর ২টা ৩০মিনিট থেকে। কেবলমাত্র রবিবারগুলিতে মেলা শুরু হবে দুপুর ১টা থেকে। ইতিমধ্যেই বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশক-বিক্রেতাদের মধ্যে স্টল বন্টন করা হয়েছে। বইয়ের স্টল তৈরীর কাজ চলছে। তোরণ তৈরী, মেলা প্রাঙ্গণ আলোকমালায় সাজিয়ে তোলার কাজও চলছে। বইপ্রেমীরা যেন বইমেলায় সহজেই যাতায়াত করতে পারেন তার জন্য এবছরও সরকারি ভাবে বিনামূল্যে যানবাহনের ব্যবস্থা করা হয়েছে।
